

স্মারক নং ৩৮.০১.৬০০০.০০০.২৭.০৮২.২২- ১৮২

তারিখ : ৫৮ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি.

আদেশ

যেহেতু, জনাব বনানী দেব, প্রধান শিক্ষক, পাইকপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার ৪৫ দিনের বহিঃ বাংলাদেশ ছুটির অনুমতি নিয়ে বহিঃবাংলাদেশ ছুটি গমন করেন, বিগত ২১.০৬.২০২২ তারিখে কর্মস্থলে যোগদানের বাধ্যবাধকতা থাকলেও তিনি যোগদান করেননি, এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার, কুলাউড়া তার স্থায়ী ঠিকানায় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করলে তিনি জবাব দাখিল করেননি; এবং

যেহেতু, বর্ণিত অভিযোগের বিষয়ে অভিযুক্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩ (খ) ও (গ) উপবিধি অনুযায়ী অসদাচরণের ও পলায়নের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং লিখিত জবাব চাওয়া হয় কিন্তু তিনি নির্ধারিত সময়ে এবং অদ্যাবধি বিভাগীয় মামলার জবাব দাখিল করেননি এবং কোন প্রকার যোগাযোগ করেননি; এবং

যেহেতু, তার বিরুদ্ধে বর্ণিত অভিযোগ সম্পর্কে সরেজমিন তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৭(৩) ও (৪) বিধি অনুসরণপূর্বক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উক্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী অসদাচরণ ও পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেছেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) অনুযায়ী অসদাচরণ ও পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালা ৭(৯) বিধি অনুযায়ী চাকুরী থেকে বরখাস্ত বা বিধিতে বর্ণিত অন্য কোন গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণক্রমে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেওয়া হয়; এবং

যেহেতু, নির্ধারিত সময়ে তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি;

সেহেতু, জনাব বনানী দেব, প্রধান শিক্ষক, পাইকপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত প্রতিবেদন, প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনাক্রমে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (গ) অনুযায়ী অসদাচরণ ও পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) মোতাবেক “চাকুরী হইতে বরখাস্তকরণ (Dismissal from service)” গুরুদণ্ড প্রদান করা হলো।

মো: জালাল উদ্দিন
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।
০২৯৯৬৬৩৪০৪৫

ই-মেইল : ddsylhe@gmail.com

তারিখ : ৫৮ ফেব্রুয়ারী ২০২৩ খ্রি.

স্মারক নং ৩৮.০১.৬০০০.০০০.২৭.০৮২.২২- ১৮২(৬)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
সদয় দৃষ্টি আকর্ষণ : পরিচালক (পলিসি ও অপারেশন)
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মৌলভীবাজার।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার - তিনি আদেশটি শিক্ষকের নিকট পৌঁছানো নিশ্চিত করবেন এবং প্রমাণক সংরক্ষণ করবেন।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কুলাউড়া, মৌলভীবাজার।
- ৫। প্রধান শিক্ষক, পাইকপাড়া স.প্রা.বি, কুলাউড়া, মৌলভীবাজার।
- ৬। কম্পিউটার অপারেটর, অত্র অফিস - তাকে আদেশটি অত্র দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার জন্য বলা হলো।
- ৭। জনাব বনানী দেব, প্রধান শিক্ষক (চাকুরী হইতে বরখাস্তকৃত), পাইকপাড়া স.প্রা.বি, কুলাউড়া, মৌলভীবাজার।
- ৮। জনাব বনানী দেব, স্বামী: নিত্য রঞ্জন দেব, গ্রাম: মিত্রগ্রাম, ডাক : মনু-৩২২৩, উপজেলা : কুলাউড়া, জেলা : মৌলভীবাজার।
- ৯। সংরক্ষণ নথি।

মো: জালাল উদ্দিন
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট।